

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 31-10-2025**

**Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিকশিত ভারতের স্বল্প পূরণে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে সকলকে ঐক্যবন্ধ হওয়া এবং দেশ সেবায় নিজেদের নিয়োজিত করার আহ্বান জানিয়েছেন।
- ২) আদালতের নজরদারিতে এসআইআর প্রক্রিয়া চালানোর আবেদন করে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়েছে।
- ৩) রাজ্য পুলিশের কাজের গতি, স্বচ্ছতা ও প্রযুক্তি নির্ভর দক্ষতা আরও বাড়াতে কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিশিয়াল ইন্টালিজেন্স সেল গঠন করা হয়েছে।

কলকাতা হাইকোর্ট চিটফান্ডে প্রতারিতদের টাকা ফেরাতে এআই প্রযুক্তির কথা ভাবলেও তার খরচ কে বহন করবে, তা নিয়ে প্রশ্ন উঠেছে।

- ৪) উচ্চ-মাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের ফল আজ প্রকাশিত হয়েছে।
- ৫) পানিহাটিতে মৃত প্রদীপ করের বাড়িতে আজ ফরেনিক দল নমুনা সংগ্রহ করেছে।
- ৬) জগন্নাথী পুজোর আজ দশমী। মায়ের বিদায়লগ্নে আলোকনগরী চন্দননগর ও সংলগ্ন মানকুণ্ড, ভদ্রেশ্বরে বিষাদের সুর।

৭) মোহনবাগান সুপার জায়ান্টস ও ইস্টবেঙ্গল আজ গোয়ায় ফতোরদা স্টেডিয়ামে সুপার কাপ ফুটবলের গুরুত্বপূর্ণ ম্যাচে মুখোমুখি।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিকশিত ভারতের স্বপ্ন পূরণে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে সকলকে এক্যবন্ধ হওয়া এবং দেশ সেবায় নিজেদের নিয়োজিত করার আহ্বান জানিয়েছেন। লৌহ মানব সর্দার বল্লভ ভাই প্যাটেলের দেড়শো তম জন্মবার্ষিকী উপলক্ষে জাতীয় জাতীয় একতা দিবসের অনুষ্ঠানে গুজরাটের কেওয়াড়িয়ার একতানগরে তিনি আজ ভাষণ দিচ্ছিলেন। নক্সালবাদ এবং মাওবাদী সন্ত্রাস নির্মূল করতে সরকার যে কঠোর পদক্ষেপ নিয়েছে, সেকথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, দেশকে দুর্বল করে, এমন যেকোনো চিন্তা যেকোনো নাগরিককে পরিহার করতে হবে। স্বাধীনতার পর সর্দার প্যাটেল সাড়ে পাঁচশোরও বেশি দেশীয় রাজ্যকে একত্রিত করে এক ভারত - শ্রেষ্ঠ ভারতের ভাবনাকে উজ্জীবিত করেছিলেন বলেও তিনি উল্লেখ করেন। এ প্রসঙ্গে রান ফর ইউনিটি বা একতা দৌড়ের কথাও উথাপন করেন তিনি।

(বাইট - প্রধানমন্ত্রী)

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস আজ সর্দার বল্লভ ভাই প্যাটেলের সার্ধাশত জন্ম বার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জানিছেন। এক বার্তায় তিনি বলেছেন, ভারতের এক্য, অখণ্ডতা ও বৈচিত্র্যের মধ্যে একতা রক্ষার বার্তা বহণকারী বল্লভ ভাই প্যাটেলের স্মৃতিতে শ্রদ্ধা জানাতে জাতীয় একতা দিবস পালিত হচ্ছে। লৌহমানবের প্রতি শ্রদ্ধার নির্দশন হিসেবে তিনি একতা অ্যাওয়ার্ড অফ এক্সিলেন্সের প্রবর্তন এবং রাজত্ববনে থ্রোণ রুমের

নাম পরিবর্তন করে সর্দার প্যাটেল একতা হল রাখা হয়েছে বলেও রাজ্যপাল উল্লেখ করেছেন।

দিনটি উপলক্ষে সর্দার প্যাটেলের প্রতি শুদ্ধা জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও।

এদিকে, লৌহ মানব সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মদিন উপলক্ষে সারা দেশের সঙ্গে এরাজ্যও আজ বিজেপির পক্ষ থেকে রান ফর ইউনিটি বা একতা দৌড়ের আয়োজন করা হয়।

কলকাতায় দলের সদর কার্যালয় থেকে এর সূচনা করেন রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। তিনি বলেন, সর্দার প্যাটেল কোন আন্তর্জাতিক চক্রান্তের কাছে নতি স্বীকার না করে দেশকে অস্তিত্ব দেখিয়েছেন।

অন্যদিকে কাঁথিতে এই কর্মসূচিতে অংশ নেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকেও সর্দার প্যাটেলের প্রতি গভীর শুদ্ধা নিবেদন করা হয়।

কলকাতা মেট্রো রেল ভবনে আজ এই উপলক্ষে জাতীয় একতা দিবস পালন করা হয়। জেনারেল ম্যানেজার শুভ্রাংশু শেখর মিশ্র, কর্মীদের ঐক্য ও অস্তিত্ব রক্ষায় একতা দিবসের শপথবাক্য পাঠ করান। নোয়াপাড়া কারশেড ও তপন সিংহ মেমোরিয়াল হাসপাতালেও আয়োজন করা হয় রান ফর ইউনিটির।

পশ্চিম মেদিনীপুরের বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে এই উপলক্ষে আগামী ১২ই নভেম্বর মেদিনীপুর শহরে "সর্দার@150 ইউনিটি মার্চ" নামে জেলা পর্যায়ের এক পদ্যাত্তার আয়োজন করতে চলেছে। বিশ্ববিদ্যালয় এবং ক্রীড়া ও যুব মন্ত্রকের অধীন মাই ভারতের

যৌথ উদ্যোগে এই কর্মসূচী রূপায়িত হবে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক দীপক কুমার কর এবং মাই ভারতের পক্ষে জেলার যুব আধিকারিক সাথী রায় আজ এক যৌথ সাংবাদিক বৈঠকে একথা জানান। এছাড়াও "এক ভারত, আত্মনির্ভর ভারত" বিষয়ক কিছু প্রতিযোগিতা, প্রবন্ধ রচনা, পোস্টার তৈরি সহ বিভিন্ন প্রতিযোগিতারও আয়োজন করা হচ্ছে বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের নিয়ে।

জেলার শালবনীতে কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনী ২৩২ নম্বর মহিলা ব্যাটেলিয়ানের পক্ষ থেকে রান ফর ইউনিটির আয়োজন করা হয়।

বাঁকুড়া শহরে কেন্দ্রীয় সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সেন্ট্রাল বুরো অফ কমিউনিকেশন সিবিসি ইউনিটি মার্চ-এর আয়োজন করে। লালবাজার থেকে পদযাত্রা শুরু হয়ে ধর্মশালা পর্যন্ত পথ পরিক্রমা করে। এতে উপস্থিত ছিলেন বাঁকুড়া বিধানসভার বিজেপি বিধায়ক নীলান্তি শেখর প্রমুখ।

নদীয়ার হরিগঘাটায় এনডিআরএফ-এর উদ্যোগে রান ফর ইউনিটিতে পাঁচ কিলোমিটার দৌড়ে অংশ নেন মোট তিনশো জন।

-----

আদালতের নজরদারিতে এস আই আর প্রক্রিয়া চালানোর আবেদন করে, কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়েছে। আবেদনকারীর দাবি, এস আই আর-এর কি প্রয়োজন - বিস্তারিতভাবে তা আদালতের কাছে জানানো হোক।

নির্বাচন কমিশন এই তথ্য দেওয়ার পাশাপাশি ২০০২-এর ভোটার তালিকা যাতে সম্পূর্ণভাবে প্রকাশ করে, সেই আবেদনও জানানো হয়েছে। এস আই আর-এর

সময়সীমা ৩১-শে জানুয়ারী পর্যন্ত বাড়ানো ছাড়াও আদালতের তত্ত্বাবধানে গোটা প্রক্রিয়া চালিয়ে যাওয়ার আবেদন করা হয়েছে।

ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ, মামলা দায়েরের অনুমতি দিয়েছেন। আগামী সপ্তাহে এর শুনানি হতে পারে।

---

এস আই আর আবহে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর দফতর, পুরনো ওয়েবসাইট **বাতিল** করে নতুন **ওয়েবসাইট** চালু করেছে। [ceowestbengal.wb.gov.in/](http://ceowestbengal.wb.gov.in/) এই ওয়েবসাইট থেকেই ২০০২ সালের সম্পূর্ণ ভোটার তালিকা পাওয়া যাবে। পাশাপাশি মিলবে এসআইআর সংক্রান্ত যাবতীয় তথ্যও।

উল্লেখ্য, গত ২৭ এ অক্টোবর ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী বা এসআইআর এর ঘোষণা করা হয়। পরদিন এসআইআর প্রক্রিয়া চালু হওয়ার পর থেকেই রাজ্যের সিইও দফতরের ওয়েবসাইটে সমস্যা দেখা যায়। এই পরিস্থিতিতেই নতুন ওয়েবসাইট চালু করল সিইও দফতর।

এদিকে, তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে জানানো হয়েছে ভোটার তালিকা সংশোধনের সময় তারা রাজ্য জুড়ে ৬ হাজারের বেশি ক্যাম্প চালাবে।

---

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, তাঁর ও ভারতীয় জনতা পার্টির বিভিন্ন নেতা-মন্ত্রীর উপর একাধিক জায়গায় হামলা বা আক্রমণের ঘটনায় এবার কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করছেন। মামলায় বিরোধী দলনেতা আর্জি

জানিয়েছেন, ভারতীয় জনতা পার্টির নেতা মন্ত্রীরা যেখানে যাবেন তার ২০০ মিটারের মধ্যে সাধারণ জনগণের প্রবেশের উপর নিষেধাজ্ঞা আরোপ করুক পুলিশ।

কলকাতা হাইকোর্ট, এ ব্যাপারে রাজ্যের বক্তব্য জানতে চেয়েছে। পাশাপাশি বিরোধী দলনেতা সহ বিজেপি নেতা-মন্ত্রীরা যেহেতু কেন্দ্রীয় নিরাপত্তা পেয়ে থাকেন সেই জন্য এ বিষয়ে কেন্দ্রের বক্তব্য হলফনামা দিয়ে জানাতে নির্দেশ দিয়েছেন হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি স্মিতা দাস দের ডিভিশন বেঞ্চও আগামী ১০ দিনের মধ্যে সব পক্ষকে তাদের বক্তব্য জানাতে নির্দেশ দিয়েছে আদালত। ১২ নভেম্বর এই বিষয়ে আবেদনের বিস্তারিত শুনানি করবে হাইকোর্ট।

---

রাজ্য পুলিশের কাজের গতি, স্বচ্ছতা ও প্রযুক্তিনির্ভর দক্ষতা আরও বাড়াতে কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স সেল গঠন করা হয়েছে। রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমার এই মর্মে এক নির্দেশিকা জারি করেছেন। এতে বলা হয়েছে, এই আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স সেলের প্রধান হিসেবে থাকবেন অতিরিক্ত মহানির্দেশক পদমর্যাদার একজন আধিকারিক। তাঁর অধীনেই কাজ করবে গোটা সেল। পাশাপাশি সদস্য হিসেবে আইজি, ডিআইজি বা এসপি পদমর্যাদার একজন করে আধিকারিক থাকবেন, যাঁরা সেলের কাজে সমন্বয়, নথিপত্র রক্ষণাবেক্ষণ ও তদারকির দায়িত্বে থাকবেন।

এই সেলে কারিগরি সহায়তার জন্য দু'জন প্রযুক্তি বিশেষজ্ঞ নিয়োগ করা হবে, যাঁরা কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহারের ক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ ও মতামত দেবেন। প্রয়োজনে অতিরিক্ত বিশেষজ্ঞ ও রিসোর্স পারসন নিয়োগেরও অনুমতি দেওয়া হয়েছে।

ডিজি রাজীব কুমারের জারি করা ওই নির্দেশিকায় আরও বলা হয়েছে, এই এআই সেল রাজ্যের প্রকাশন নেটওর্ক ইউনিট হিসেবে কাজ করবে। এর লক্ষ্য হল প্রকাশন প্রশাসনিক এবং প্রযুক্তিগত কাজকর্মে কৃতিম বুদ্ধিমত্তার সঠিক ব্যবহার, সমন্বয় ও বাস্তবায়ন।

---

কলকাতা হাইকোর্ট, চিটফাণ্ডে প্রতারিতদের টাকা ফেরাতে এয়াই(আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স) প্রযুক্তির ব্যবহারের কথা ভাবছে। কিন্তু যাদের নিযুক্ত করা হবে তাদের খরচ কে বহন করবে এই নিয়ে প্রশ্ন উঠেছে। রাজ্য - কেন্দ্র কোন পক্ষই এ ব্যাপারে দায়িত্ব নিতে চায়না বলে জানা গেছে। আদালত স্পষ্ট জানিয়েছে, আমানতকারীদের অর্থ থেকে সেই কাজ করা যাবেনা। রাজ্য আগেই রাজি না হওয়ায় এবার কেন্দ্রকে সেই দায়িত্ব নিতে বলছে আদালত। যদিও সে ব্যাপারে এখনো কোন নির্দেশ দেয়নি আদালত।

---

প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর ৪২-তম প্রয়াণ দিবস উপলক্ষে আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে তাঁর প্রতি শন্দা নিবেদন করা হচ্ছে। কংগ্রেস এর তরফ থেকে দিনটি 'আত্মবলিদান দিবস' হিসেবে পালিত হয়। ১৯৮৪ সালের আজকের দিনে নতুন দিল্লিতে দেহরক্ষীর গুলিতে প্রাণ হারান ইন্দিরা গান্ধী।

উত্তর ২৪ পরগণা জেলা কংগ্রেসের পক্ষে বনগাঁ কংগ্রেস কার্যালয় থেকে পেট্রোপোল সীমান্ত পর্যন্ত মোটর সাইকেল মিছিলের আয়োজন করা হয়। জেলা কংগ্রেসের (গ্রামীণ) সভানেত্রী ইন্দ্রানী দত্ত চট্টোপাধ্যায়ের ডাকে ওই কর্মসূচিতে উপস্থিত

ছিলেন রাজ্য কংগ্রেসের প্রবীণ নেতা আব্দুল মানান, প্রদেশ কংগ্রেস নেতা অমিতাভ চক্রবর্তী প্রমুখ।

কংগ্রেস সমর্থকরা বনগাঁর দলীয় কার্যালয় থেকে মোটর সাইকেল মিছিল করে যশোর রোড হয়ে ভারত-বাংলাদেশের পেট্রাপোল সীমান্তে জড়ে হন। এরপর সেখানে দলের নেতারা বিভিন্ন ইস্যুতে বক্তব্য রাখেন।

---

উচ্চ-মাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের ফল আজ প্রকাশিত হয়েছে। উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য এই ফল ঘোষণা করে জানান, পাশের হার ৯৩ দশমিক সাত দুই শতাংশ, ২০১১ সালের পর যা সর্বোচ্চ। প্রথম ১০-এর মেধা তালিকায় রয়েছেন ৬৯ জন। যুগ্মভাবে প্রথম হয়েছেন পুরুলিয়া রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠের দুই ছাত্র প্রীতম বল্লভ ও আদিত্য নারায়ণ জানা। শতাংশের নিরিখে এরা পেয়েছেন – ৯৮ দশমিক নয় সাত শতাংশ নম্বর।

### বাইট

মেয়েদের মধ্যে প্রথম হয়েছেন দক্ষিণ দিনাজপুরের দৌলতপুর হাই স্কুলের ছাত্রী দীপাংকৃতা পাল।

মেধাতালিকায় নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন এবং পুরুলিয়ার রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠের ছাত্রছাত্রীদের সংখ্যা সবচেয়ে বেশি।

উল্লেখ্য, জেলা ভিত্তিক পাশের হারের নিরিখে দক্ষিণ ২৪ পরগনা রয়েছে শীর্ষস্থানে, ৯৬ দশমিক পাঁচ নয় শতাংশ। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে নদীয়া ও হাওড়া।

পরীক্ষার ৩৯ দিনের মাথায় এই ফল প্রকাশ করা হলো।

---

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার ভারত সরকারের শিক্ষা মন্ত্রক ও ইন্ডিয়ান কাউন্সিল অফ সোশ্যাল সায়েন্স রিসার্চ (ICSSR)-এর যৌথ সহযোগীতায় স্প্রিংগার নেচার সংস্থার উদ্যোগে আয়োজিত "ইন্ডিয়া রিসার্চ টুর ২০২৫" নামক এক বিশেষ প্রকল্পের তৃতীয় পর্বের আজ উদ্বোধন করেন। এই উপলক্ষ্যে তিনি কলকাতার ইন্ডিয়ান ইনসিটিউট অফ ম্যানেজমেন্ট প্রাঙ্গণে একটি অভিনব বাস যাত্রার সূচনা করেন।

---

উত্তর ২৪ পরগণার পানিহাটিতে মৃত প্রদীপ করের বাড়িতে আজ চার সদস্যের ফরেন্সিক দল যায়। দলের সদস্য মধুমিতা বড়ুয়া জানিয়েছেন, প্রদীপ করের ঘর থেকে অনেক কিছুই বাজেয়াঙ্গ করা হয়েছে। তবে সন্দেহজনক কিছু মেলেনি। হস্তাক্ষর সহ সবকিছু ল্যাবরেটোরিতে পরীক্ষা করে দেখা হবে। ফরেন্সিক দলটি তার দোকানে গিয়েও নমুনা সংগ্রহ করে।

উল্লেখ্য, সম্প্রতি প্রদাপ করের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় শুরু হয়েছে রাজনৈতিক চাপান উত্তোর। এসআইআরএর আতঙ্কে তিনি আত্মস্থাতী হয়েছেন বলে পরিবার ও শাসকদলের পক্ষ থেকে দাবি করা হলেও বিজেপি তা সম্পূর্ণ খারিজ করে দিয়েছে।

---

জগন্মাতী পুজোর আজ দশমী। মায়ের বিদায়লগ্নে আলোকনগরী চন্দননগর ও সংলগ্ন মানকুণ্ড, ভদ্রেশ্বরে এবার বিষাদের সুর। যদিও, কেন্দ্রীয় কমিটির সিদ্ধান্তে

আজকের পরিবর্তে আগামীকাল চিরাচরিত প্রথা মেনে বর্ণাত্য আলোক-শোভাযাত্রার মধ্য দিয়ে হবে প্রতিমার নিরঙ্গন। তাই শেষদিনে আজ আরও একবার ঠাকুর দেখতে বেরিয়ে পড়েছেন অসংখ্য মানুষ। সকাল থেকে গতকালের তুলনায় ভিড় কম থাকলেও সন্ধে পড়তেই আলোকসজ্জা দেখতে বেরচ্ছেন লোকজন।

এদিকে, ভগুনীর রিষড়াতে গতকাল থেকে জগন্নাত্রীপুজো শুরু হয়েছে। দীর্ঘদিনের নিয়ম মেনে, চন্দননগরের নবমী তিথি উদযাপনের দিনে রিষড়ায় ষষ্ঠী পালিত হয়। সেই অনুসারে, আজ সেখানে সপ্তমী। মূল পুজো নবমীতে হলেও আজ বিকেল থেকেই ভিড় বাঢ়ছে রিষড়ার পথে পথে।

অন্যদিকে, নদীয়ার কৃষ্ণনগরে জগন্নাত্রী প্রতিমা মঙ্গল ঘট বিসর্জন আজ দুপুর থেকে শুরু হয়েছে। বিভিন্ন বারোয়ারি পুজো কমিটি এই বর্ণাত্য শোভাযাত্রায় অংশ নিয়েছে। এতে ট্যাবলোর মাধ্যমে তুলে ধরা হয়েছে সাম্প্রতিক কালের নানান ঘটনা। শোভাযাত্রার শেষে আজ ও আগামীকাল দুদিন নিরঙ্গন পর্ব চলবে।

---

মোহনবাগান সুপার জায়ান্টস ও ইস্টবেঙ্গল আজ গোয়ার ফতোরদা স্টেডিয়ামে সুপার কাপ ফুটবলের গুরুত্বপূর্ণ ম্যাচে মুখোমুখি। শেষ খবর পাওয়া পর্যন্ত খেলা গোলশূন্য।

মোহনবাগান ও ইস্টবেঙ্গল দুটি দলই দু ম্যাচে চার পয়েন্ট করে সংগ্রহ করেছে। তবে গোল পার্থক্যে ইস্টবেঙ্গল এগিয়ে থাকায় সুবিধাজনক অবস্থায় রয়েছে।

---